


## তৃতীয় অধ্যায়

# গৃহকে মনোরম ও আকর্ষণীয় করার নীতি

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. নিচের কোনটি প্রাথমিক রং?
ক কমলা ● লাল গ বেগুনী ঘ সবুজ

২. কোন রেখা অধিক বৈচিত্র্য আনতে সক্ষম?
● জিগজ্যাগ রেখা খ কৌণিক রেখা গ লম্ব রেখা ঘ বক্ররেখা

৩. কাজে মনোযোগ বৃদ্ধির জন্য গৃহে প্রয়োজন–
i. দামি আসবাবপত্র ii. সুসজ্জিত কক্ষ iii. উপযুক্ত আলো বাতাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii ● ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : শিল্প উপাদান ■ পৃষ্ঠা - ১৭

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪. কোনটি প্রাথমিক রং? (জ্ঞান)
ক কমলা খ সবুজ ● নীল ঘ বেগুনি

৫. কোনটি মাধ্যমিক রং? (জ্ঞান)
ক লাল খ নীল গ হলুদ ● সবুজ

৬. একই পরিমাণ কয়টি প্রাথমিক রং মেশালে মাধ্যমিক রং হয়? (জ্ঞান)
● ২ খ ৩ গ ৪ ঘ ৫

৭. কয়টি রং চক্রাকারে সাজিয়ে বর্ণচক্র তৈরি করা হয়? (জ্ঞান)
ক ৮ খ ১০ ● ১২ ঘ ১৪

৮. বর্ণচক্রের হালকা রংগুলোকে কী বলে? (জ্ঞান)
● শীতল রং খ উষ্ণ রং গ মৌলিক রং ঘ স্নিগ্ধ রং

৯. গৃহকে মনোরম ও আকর্ষণীয় করার কাজটি কীসের ক্ষেত্র? (অনুধাবন)
● শিল্পের খ সংগীতের গ বাদ্যযন্ত্রের ঘ অভিনয়ের

১০. সবুজ রং তৈরি করা যায় কীভাবে? (অনুধাবন)
ক নীল ও লাল রং মিশিয়ে ● হলুদ ও নীল রং মিশিয়ে
গ লাল ও হলুদ রং মিশিয়ে ঘ নীল ও কালো রং মিশিয়ে

১১. রং দেখার জন্য কিসের প্রয়োজন হয়? (অনুধাবন)
ক অন্ধকার ● আলো গ বাতাস ঘ চশমা

১২. লীলা বেগুনি রং তৈরি করতে চায়। তাকে নিচের কোনটি করতে হবে? (প্রয়োগ)
ক লাল + হলুদ রং মেশাতে হবে খ নীল + সবুজ রং মেশাতে হবে
● নীল + লাল রং মেশাতে হবে ঘ নীল + হলুদ রং মেশাতে হবে

১৩. শোবার ঘরে উষ্ণ রং ব্যবহার করা উচিত নয়। এর যথার্থ কারণ কী? (উচ্চতর দক্ষতা)
ক ঘর শীতল রাখে খ স্নিগ্ধ পরিবেশ সৃষ্টি করে
গ দৃষ্টি দূরে নিয়ে যায় ● ঘরের পরিবেশ গরম রাখে

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৪. বর্ণচক্রের হালকা রংগুলো যে ধরনের বৈশিষ্ট্যপূর্ণ– (অনুধাবন)
i. দৃষ্টি দূরে নিয়ে যায় ii. ঘরের পরিবেশ ঠান্ডা রাখে
iii. ঘর ছোট দেখায়
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. শিল্প বলতে বোঝায়– (অনুধাবন)
i. যে কোনো ধরনের প্রচেষ্টা ii. যে কোনো ধরনের অনুভূতি
iii. যে কোনো আকর্ষণীয় দ্রব্য
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. শেফালি লাল ও কমলা রং এক সাথে মেশায়। এতে যে ঘটনাটি ঘটে– (প্রয়োগ)
i. সংমিশ্রিত রং ii. মাধ্যমিক রং iii. লালচে কমলা রং
নিচের কোনটি সঠিক?
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. রং দেখার জন্য অধিক উপযোগী– (উচ্চতর দক্ষতা)
i. আলো ii. সূর্য iii. বাল্ব
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

#### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
জোহরা বেগমের শোবার ঘরটি অপেক্ষাকৃত ছোট। তিনি ঘরটিকে বড় দেখানোর জন্য নতুন করে রং করলেন।

১৮. জোহরা বেগম তার শোবার ঘরে কোন রং ব্যবহার করেছিলেন? (প্রয়োগ)
ক লাল খ হলুদ গ বেগুনি ● সবুজ

১৯. উক্ত রং ব্যবহারে শোবার ঘরটি বড় ছাড়া আর যে প্রভাব ফেলবে– (উচ্চতর দক্ষতা)
i. স্নিগ্ধ পরিবেশের অনুভূতি দেবে ii. পরিবেশে গরম ভাব আনবে
iii. দৃষ্টির সামনের বস্তুকে দূরে নিয়ে যাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

### রেখা, আকার ও জমিন ■ পৃষ্ঠা – ১৯

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২০. কোনো গতিশীল বিন্দুকে কী বলে? (জ্ঞান)
● রেখা খ জমিন গ আকার ঘ কাঠামো

২১. কোন রেখার মাধ্যমে নকশার অতিরিক্ত সৌন্দর্য ও নতুনত্ব ফুটে ওঠে? (জ্ঞান)
ক আঁকাবাঁকা খ আড়াআড়ি ● কৌণিক ঘ জিগজ্যাগ

২২. কোন রেখাটি বেশি গতিশীল ও বৈচিত্র্য আনতে সক্ষম? (জ্ঞান)
ক কৌণিক খ লম্ব গ আড়াআড়ি ● জিগজ্যাগ

২৩. কোনো কিছুর সামগ্রিক গঠনকে কী বলে? (জ্ঞান)
ক রেখা খ জমি ● আকার ঘ কাঠামো

২৪. আকার প্রধানত কত ধরনের? (জ্ঞান)
● ২ খ ৩ গ ৪ ঘ ৫

২৫. জমিন কী? (জ্ঞান)
ক বস্তুর নিম্নভাগের বৈশিষ্ট্য ● বস্তুর উপরিভাগের বৈশিষ্ট্য
গ কোনো বস্তুর সামগ্রিক গঠন ঘ কোনো গতিশীল বিন্দু

২৬. লম্বরেখা ব্যবহার করা হয় কেন? (অনুধাবন)
জায়গাটিকে আরও প্রশস্ত করার জন্য ● আপাতদৃষ্টিতে উচ্চতাকে বৃদ্ধির জন্য
গ নকশায় নতুনত্ব সৃষ্টির জন্য ঘ অতিরিক্ত সৌন্দর্য বৃদ্ধির জন্য

২৭. গ্রীষ্মে ঘরে ঠান্ডা অনুভূতি আনা যায় কীভাবে? (অনুধাবন)
ক ভারী ও মোটা জমিনের পর্দার ব্যবহারে
● হালকা ও পাতলা জমিনের পর্দার ব্যবহার
গ কৌণিক রেখার সাহায্যে তৈরি পর্দা ব্যবহার করে
ঘ জিগজ্যাগ রেখার সাহায্যে তৈরি পর্দা ব্যবহার করে

২৮. আকার তৈরির প্রয়োজন হয় কেন? (অনুধাবন)

● বস্তুকে কাজের উপযোগী করে তোলার জন্য
ⓑ রুচির পরিবর্তনের জন্য
ⓒ গৃহ আকর্ষণীয় করার জন্য
ⓓ গৃহের অভ্যন্তরীণ সজ্জার সৌন্দর্যকে বাড়ানোর জন্য

২৯. **নিলু গৃহকে আকর্ষণীয় করার জন্য জায়গাটিকে একটু প্রশস্ত করতে চাইলেন এবং তিনি 'D' নামক রেখার সাহায্য নিলেন। 'D' এর সাথে সাদৃশ্য রয়েছে কোনটির?** (প্রয়োগ)
● আড়াআড়ি রেখা পদ্ধতি ⓑ কৌণিক রেখা পদ্ধতি
ⓒ জিগজ্যাগ রেখা পদ্ধতি ⓓ লম্বরেখা পদ্ধতি

৩০. **রফিক তার তৈরি খেলনাকে সুন্দরভাবে ফুটিয়ে তোলার জন্য X-এর সাহায্য নেন। 'X' নিচের কোনটিকে সমর্থন করছে?** (প্রয়োগ)
ⓐ রেখা ⓑ জমিন ● আকার ⓓ কাঠামো

৩১. **কোনো বস্তুকে ব্যবহারের জন্য আকার তৈরি প্রয়োজন। এর যথার্থ কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)
● বস্তুকে ব্যবহার উপযোগী করা
ⓑ রুচি অনুযায়ী বস্তুর গঠন প্রকৃতি নির্বাচন করা
ⓒ সৌন্দর্য বৃদ্ধি ⓓ নকশায় বৈচিত্র্য সৃষ্টি করা

৩২. **জমিন শিল্প সৃষ্টির অন্যতম একটি উপাদান। কথাটির তাৎপর্য হলো–** (উচ্চতর দক্ষতা)
ⓐ বস্তুর অভ্যন্তরীণ সৌন্দর্য বৃদ্ধি করে
ⓑ গৃহসজ্জার উপকরণ আকর্ষণীয় করে
● বস্তুর উপরিভাগের বৈশিষ্ট্য জানতে সহায়তা করে
ⓓ বস্তুর আকৃতি গঠনে সহায়তা করে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৩. **রেখার বৈশিষ্ট্য জানা জরুরি –** (অনুধাবন)
i. গৃহ আকর্ষণীয় করে সাজানোর জন্য ii. নকশাকে পৃথকভাবে উপস্থাপনের জন্য
iii. নকশার আকার নির্বাচনের জন্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

৩৪. **জমিনের বৈশিষ্ট্য বোঝা যায় যেভাবে—** (অনুধাবন)
i. ঘ্রাণ গ্রহণের মাধ্যমে ii. চোখে দেখে iii. স্পর্শ করে
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

৩৫. **রেখা শিল্পের অন্যতম একটি উপাদান। এর অন্যমত বৈশিষ্ট্য হলো –** (উচ্চতর দক্ষতা)
i. বৈচিত্র্য আনতে সক্ষম ii. নতুনত্ব ফুটিয়ে তোলে
iii. সৌন্দর্য বৃদ্ধি করে
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৬ ও ৩৭নং প্রশ্নের উত্তর দাও :**
রফিক সাহেব কার্পেটের সৌন্দর্য বৃদ্ধির জন্য এবং প্রশস্ত করার জন্য 'X' এর সাহায্য গ্রহণ করেন। এর গুরুত্ব অপরিসীম।

৩৬. **'X' নিচের কোনটিকে নির্দেশ করছে?** (প্রয়োগ)
● রেখা ⓑ জমিন ⓒ আকার ⓓ জ্যামিতি

৩৭. **'X' গুরুত্বপূর্ণ হওয়ার যথার্থ কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)
i. গৃহকে আকর্ষণীয় করে তোলে ii. নকশায় নতুনত্ব আনে
iii. বস্তুর উপরিভাগের বৈশিষ্ট্য ফুটিয়ে তোলে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

# পাঠ ২ : শিল্পনীতি ■ পৃষ্ঠা – ২১

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৮. **সৃষ্টিকে আকর্ষণীয় ও মজবুত করার জন্য কোন নীতি অনুসরণ করা হয়?** (জ্ঞান)
● সমানুপাত ⓑ ভারসাম্য ⓒ মিল ⓓ ছন্দ

৩৯. **কোনটি একটি আকর্ষণীয় গতিশীল অবস্থা?** (জ্ঞান)
ⓐ মিল ⓑ প্রাধান্য ● ছন্দ ⓓ সমানুপাত

৪০. **সৃজনশীল চিন্তাধারার কলাকৌশলপূর্ণ প্রকাশকে কী বলে?** (জ্ঞান)
ⓐ দক্ষতা ⓑ ছন্দ ● শিল্প ⓓ মিল

৪১. **কীভাবে ছন্দের সৃষ্টি হয়?** (অনুধাবন)
ⓐ কোনোকিছু করার ফলে ⓑ কোনোকিছু শুরু করলে
ⓒ কোনোকিছু চিন্তা করলে ● কোনোকিছু পুনরাবৃত্তি করলে

৪২. **শিল্প প্রাণবন্ত ও চলমান করতে কিসের দরকার হয়?** (অনুধাবন)
ⓐ প্রাধান্য ● ছন্দ ⓒ মিল ⓓ ভারসাম্য

৪৩. **শিল্প সৃষ্টির দক্ষতা মানুষের মধ্যে কেমন অবস্থায় থাকে?** (অনুধাবন)
● সুপ্ত অবস্থায় ⓑ মৃত অবস্থায় ⓒ দৃশ্যমান ⓓ স্পর্শকাতর অবস্থায়

৪৪. **শিপা পার্কে এসেছে, সে ঢেঁকি খেলতে চায়। শিপার কী প্রয়োজন?** (প্রয়োগ)
ⓐ ছন্দ ● ভারসাম্য রক্ষাকারী ⓒ প্রাধান্য ⓓ মিল

৪৫. **শিল্প সৃষ্টির ক্ষেত্রে নিচের কোন তথ্যটি সঠিক?** (উচ্চতর দক্ষতা)
ⓐ শিল্প সৃষ্টির দক্ষতা প্রত্যেকের মাঝে জাগ্রত অবস্থায় থাকে
● সৃজনশীল চিন্তাধারা দ্বারা শিল্পকে সুন্দর ও আনন্দদায়ক করা যায়
ⓒ শিল্প মানুষকে আনন্দ দেয়, অকর্মণ্য করে
ⓓ শিল্প শুধু সৌন্দর্য বৃদ্ধি করে, প্রয়োজন মেটাতে পারে না

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৬. **নিলু ফুল সাজানোর সময় সাদা ফুলের মাঝে একটি বড় লাল ফুল দিল। এতে সে যে বিষয়টি ফুটিয়ে তুলেছে–** (প্রয়োগ)
i. প্রাধান্য ii. সৌন্দর্য iii. মিল
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

৪৭. **সৃজনশীলতা একটি বিরাট সম্পদ। এর যৌক্তিকতা হলো–** (উচ্চতর দক্ষতা)
i. সৃজনশীলতা শিল্প সৃষ্টি করে ii. শিল্প সৃজনশীলতা সৃষ্টি করে
iii. সৃজনশীলতা নতুন কিছু সৃষ্টি করে
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ● i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

৪৮. **সমানুপাত বলতে বোঝায়–** (অনুধাবন)
i. একপাশে বড় থাকবে ii. স্বল্পতা থাকবে না
iii. আধিক্য থাকবে না
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৯ ও ৫০ নং প্রশ্নের উত্তর দাও :**
ছোঁয়া তার ঘর নিজের মনের মতো করে সাজিয়ে নিয়েছে। তার ঘরের রং, আসবাবপত্র ও সজ্জায় রয়েছে দারুণ সমন্বয়।

৪৯. **ছোঁয়ার ঘরের আসবাবপত্র, রং ও সজ্জায় চমৎকার সমন্বয় রয়েছে। এটি শিল্পনীতির কোন দিকটিকে ইঙ্গিত করে?** (প্রয়োগ)
ⓐ প্রাধান্য ⓑ ছন্দ ● মিল ⓓ ভারসাম্য

৫০. **ছোঁয়া তার গৃহ যেভাবে সাজিয়েছে তাতে বোঝা যায়–** (উচ্চতর দক্ষতা)
● শিল্পনীতির প্রয়োগ ⓑ প্রচুর অর্থ ব্যয়
ⓒ ব্যাপক কলাকৌশল অবলম্বন ⓓ যথেষ্ট পরিশ্রম

# পাঠ ৩ : অভ্যন্তরীণ আসবাবপত্র যথাস্থানে সংস্থাপন ■ পৃষ্ঠা-২২

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫১. **প্রয়োজনের তুলনায় অতিরিক্ত আসবাব কক্ষে রাখলে কী হয়?** (জ্ঞান)
ⓐ সৌন্দর্য বৃদ্ধি ● সৌন্দর্য হ্রাস ⓒ খ্যাতি বৃদ্ধি ⓓ আভিজাত্য বৃদ্ধি

৫২. **আসবাব ক্রয়ের আগে কী বিবেচনা করা উচিত?** (জ্ঞান)
● প্রয়োজন ⓑ মূল্য ⓒ গুণাগুণ ⓓ স্থায়িত্ব

৫৩. **কী বিবেচনা করে প্রতিটি কক্ষে আসবাব সাজাতে হবে?** (জ্ঞান)
● কাজ ⓑ স্থান ⓒ সৌন্দর্য ⓓ আকার

৫৪. **আলমারি সাধারণত কোথায় রাখতে হয়?** (জ্ঞান)
ⓐ ছোট দেয়ালের সামনে ⓑ শোয়ার বেডের সামনে
● বড় দেয়ালের সামনে ⓓ বারান্দার সামনে

৫৫. **আসবাব সংস্থাপনে কোন নীতি অনুসরণ করতে হবে?** (জ্ঞান)
● শিল্পনীতি ⓑ অর্থনীতি ⓒ বাণিজ্যনীতি ⓓ রাজনীতি

৫৬. **কিসের ওপর গৃহের সৌন্দর্য অনেকখানি নির্ভর করে?** (অনুধাবন)
ⓐ সম্পদের ওপর ⓑ আসবাবপত্রের ওপর
● যথাস্থানে আসবাব সংস্থান ⓓ গৃহে ফুলসজ্জার ওপর

৫৭. **কিসের অভাবে বর্তমানে বহুমুখী আসবাব ব্যবহারের প্রবণতা বাড়ছে?** (অনুধাবন)
ⓐ অর্থ ● জায়গা ⓒ শিল্পনীতি ⓓ আলো

৫৮. **কীভাবে একাধিক প্রয়োজন মেটানো যায়?** (অনুধাবন)
ⓐ বুদ্ধি দিয়ে ⓑ শক্তি দিয়ে
ⓒ আসবাব দিয়ে ● বহুমুখী আসবাব দিয়ে

**৫৯. মনিরাদের গৃহে আসবাবপত্র এমনভাবে সাজানো হয়েছে যে চলাচলে অসুবিধা হয়। এতে কোন দুর্ঘটনা ঘটতে পারে?** (প্রয়োগ)
ক বৈদ্যুতিক ● পায়ে হোঁচট খাওয়া
গ ঝগড়া–বিবাদ ঘ ভূমিকম্পজনিত সমস্যা

**৬০. গৃহে অতিরিক্ত আসবাব সংস্থাপন করা উচিত নয়। এর কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
ক বেশি অর্থ ব্যয় হয় খ বেশি শক্তি ব্যয় হয়
● সৌন্দর্য নষ্ট হয় ঘ অধিক আলো পৌঁছায়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬১. আসবাব ত্রুটিপূর্ণ বিন্যাসের ফলে–** (অনুধাবন)
i. সময় বেশি খরচ হয় ii. অর্থ অপচয় হয় iii. শক্তি বেশি খরচ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬২. গৃহের আসবাব যথাস্থানে সংস্থাপনের ওপর নির্ভর করে–** (অনুধাবন)
i. গৃহ পরিবেশের আরাম ii. সময় ও শক্তির অপচয়
iii. গৃহের সৌন্দর্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬৩. বীণা তার ঘরের আসবাব সুবিন্যস্তভাবে সাজিয়েছে। এতে তার যে সুবিধা হয়েছে–** (প্রয়োগ)
i. সময় অপচয় রোধ ii. শক্তির অপচয় রোধ iii. অর্থ ব্যয় রোধ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬৪. রোজিনাকে যে ধরনের সুবিধার দিকে লক্ষ রেখে আসবাব সংস্থাপন করতে হবে–** (প্রয়োগ)
i. দরজা ii. জানালা iii. আলো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৫ ও ৬৬ নং প্রশ্নের উত্তর দাও :**
সুমিদের ঘরে চলাচল করতে গেলে প্রায়ই হোঁচট খেতে হয়। তাছাড়া তাদের ঘরের মধ্যে আলো ও বায়ু প্রবেশের তেমন ব্যবস্থা নেই।

**৬৫. সুমিদের ঘরে হাঁটতে গেলে হোঁচট খাওয়ার কারণ কী** (প্রয়োগ)
ক ঘর পিচ্ছিল খ ঘরের ভিতর উঁচুনিচু
● আসবাব সংস্থাপনে সমস্যা ঘ ঘরে জায়গা বেশি

**৬৬. সুমিদের ঘর সম্পর্কে যে উক্তিটি অধিক গ্রহণযোগ্য–** (উচ্চতর দক্ষতা)
i. আসবাবের ত্রুটিপূর্ণ বিন্যাস ii. জায়গার স্বল্পতা
iii. অরণ্যে গৃহ অবস্থিত
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

# পাঠ ৪ : কক্ষসজ্জার উপকরণ ■ পৃষ্ঠা - ২৪

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৭. কোন ছাপার পর্দা ছোট ঘরকে আরও ছোট করে দেয়?** (জ্ঞান)
ক বড় ছাপা খ ছোট ছাপা গ লম্বা রেখার ● চেক ছাপা

**৬৮. কোন জমিনের পর্দা শীতকালে ঘরকে গরম রাখে?** (জ্ঞান)
● ভারী জমিন খ হালকা জমিন গ পাতলা জমিন ঘ রঙিন জমিন

**৬৯. বর্তমানে কোন মেঝে বিশেষ জনপ্রিয়তা পেয়েছে?** (জ্ঞান)
ক সিমেন্টের খ মোজাইক গ কাঠের ● টাইলস্

**৭০. কোনটি কৃত্রিম তন্তুর কার্পেট?** (জ্ঞান)
● নাইলন খ উল গ পাট ঘ সুতি

**৭১. কোনটি প্রাকৃতিক তন্তুর কার্পেট?** (জ্ঞান)
ক নাইলন খ পলিয়েস্টার ● উল ঘ প্লাস্টিক

**৭২. পর্দার জমিন কত ধরনের?** (জ্ঞান)
● ২ খ ৩ গ ৪ ঘ ৫

**৭৩. ঘরে প্রাকৃতিক আলো প্রবেশের জন্য জানালায় কী ব্যবহার করা হয়?** (জ্ঞান)
ক টাইলস খ পর্দা ● গ্লাস ঘ রঙিন পর্দা

**৭৪. ঘরে হালকা রঙের পর্দা ব্যবহার করা হয় কেন?** (অনুধাবন)
● ঠান্ডা পরিবেশের জন্য খ গরম পরিবেশের জন্য
গ সৌন্দর্য বৃদ্ধির জন্য ঘ ঐতিহ্য রক্ষার্থে

**৭৫. জানালার পর্দা অনেক সময় পুরো জানালায় না হয়ে নিচের অর্ধেক অংশ দেওয়া হয় কেন?** (অনুধাবন)
ক বায়ুর জন্য খ আলোর জন্য ● আলো ও বাতাসের জন্য ঘ বৃষ্টির জন্য

**৭৬. ছবির আকৃতির সাথে কিসের আকৃতির সামঞ্জস্য থাকতে হবে?** (অনুধাবন)
● দেয়ালের খ ঘরের গ আসবাবের ঘ উচ্চতার

**৭৭. শিরিনদের ঘরের মেঝের অনেক স্থানে ত্রুটি দেখা দিয়েছে? ত্রুটি দূর করতে কী করা যায়?** (প্রয়োগ)
ক নতুন মেঝে নির্মাণ ● কার্পেট বিছানো
গ মাটির মেঝে নির্মাণ ঘ কাঠের মেঝে নির্মাণ

**৭৮. প্রাকৃতিক তন্তুর বৈশিষ্ট্য হিসেবে কোনটি যথার্থ?** (উচ্চতর দক্ষতা)
ক সহজে পরিষ্কার করা যায় খ ঔজ্জ্বল্যতা বেশি
গ ধুলাবালি কম জমে ● শিশুদের জন্য নিরাপদ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৯. উপযুক্ত রং, আকার, নকশার পর্দা নির্বাচন করতে পারলে ঘরের পরিবেশ হয়–** (অনুধাবন)
i. আকর্ষণীয় ii. নিরাপদ iii. আরামদায়ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii ● i ও iii ঘ i, ii ও iii

**৮০. পর্দার রং নির্বাচন করতে হয়–** (অনুধাবন)
i. ঘরের দেয়ালের রঙের সাথে মিল রেখে
ii. মেঝে ও ছাদের রংয়ের সাথে মিল রেখে
iii. আসবাবপত্রের রংয়ের সাথে মিল রেখে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ● i, ii ও iii

**৮১. যার ভিত্তিতে ঘরে প্রাকৃতিক আলো প্রবেশ করে–** (অনুধাবন)
i. জানালার আকার ii. জানালার সংখ্যা iii. জানালার অবস্থান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮২. রেহেনা নতুন একটি বাড়ি নির্মাণ করেছে। আলো, বাতাস পাওয়ার জন্য তাকে করতে হবে–** (প্রয়োগ)
i. দক্ষিণ দিকে জানালা নির্মাণ ii. পূর্ব দিকে জানালা নির্মাণ
iii. পশ্চিম দিকে জানালা নির্মাণ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮৩. গৃহে আলোর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। কেননা আলো–** (উচ্চতর দক্ষতা)
i. শরীরের ওপর প্রভাব ফেলে ii. কর্মস্পৃহা বাড়ায়
iii. মনোযোগ বৃদ্ধি করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৪ ও ৮৫ নং প্রশ্নের উত্তর দাও :**
পাপিয়া তার রুমের দেওয়ালে কয়েকটি ছবি ঝুলানোর কথা ভাবছে। তার ঘরের দেওয়াল বেশ বড়।

**৮৪. পাপিয়ার ঘরের দেওয়ালে কোন ছবি প্রযোজ্য?** (প্রয়োগ)
ক ছোট ছবি ● বড় ছবি
গ ছোট ছবি অনেক ছবি ঘ কয়েকটি বড় ছবি

**৮৫. পাপিয়াকে দেওয়ালে ছবি ঝুলানোর জন্য যে বিষয়ে খেয়াল রাখতে হবে–** (উচ্চতর দক্ষতা)
i. দেওয়ালের আকৃতি ii. ছবির আকৃতি iii. ছবির উচ্চতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

# দেয়ালচিত্র ও আলোকসজ্জা ■ পৃষ্ঠা - ২৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৬. ছবির আকৃতির সাথে দেওয়ালের আকৃতির কী থাকতে হবে?** (জ্ঞান)
ক লিয়াজোঁ খ বৈসাদৃশ্য গ অমিল ● সামঞ্জস্য

**৮৭. ছবি দেখার জন্য কিসের ব্যবস্থা থাকতে হবে?** (জ্ঞান)
● পর্যাপ্ত আলোর খ পর্যাপ্ত বাতাসের

ⓖ পর্যাপ্ত বিদ্যুতের ⓘ পর্যাপ্ত জেনারেটরের

**৮৮. কিসের সাথে মিল রেখে দেয়ালচিত্রের বিষয়বস্তু হবে?** (জ্ঞান)
ⓚ সদস্যদের কর্মকান্ড ● ঘরের কর্মকান্ড
ⓖ শিশুদের কর্মকান্ড ⓘ আত্মীয়দের কর্মকান্ড

**৮৯. সূর্য থেকে আমরা কী আলো পাই?** (জ্ঞান)
কৃত্রিম আলো ● প্রাকৃতিক আলো বিদ্যুতের আলো দিনের আলো

**৯০. রাতে আমরা কোন আলো ব্যবহার করি?** (জ্ঞান)
ⓚ সূর্যের আলো ⓛ চাঁদের আলো ⓖ বিদ্যুতের আলো ● কৃত্রিম আলো

**৯১. কৃত্রিম আলোর বাল্বের উপর কী ব্যবহার করা হয়?** (জ্ঞান)
ⓚ প্লাস্টিক ⓛ এমোনিয়াম ● শেড ⓘ কাচ

**৯২. বড় ছবি টানানোর জন্য কেমন দেয়াল উপযোগী?** (অনুধাবন)
ⓚ ছোট ⓛ মাঝারি ● বড় ⓘ রঙিন

**৯৩. ঘরে ছবি কীভাবে টানাতে হবে?** (অনুধাবন)
ⓚ নিচুতে ⓛ অনেক উঁচুতে ⓖ রশি দিয়ে ● একই উচ্চতায়

**৯৪. ছবির ফ্রেমের আকার কেমন হলে ভালো হয়?** (অনুধাবন)
● এক রকম ⓛ ভিন্ন রকম ⓖ হরেক রকম ⓘ মাঝারি

**৯৫. কোন ধরনের আলো বসার ঘর আকর্ষণীয় করে তোলে?** (অনুধাবন)
ⓚ সূর্যের আলো ⓛ চাঁদের আলো ⓖ বিদ্যুতের আলো ● মৃদু আলো

**৯৬. 'ক' দিনে মায়ার মনে বিষণ্ণতা আসে। এ ক্ষেত্রে নিচের কোন দিনটি সমর্থনযোগ্য?** (প্রয়োগ)
ⓚ গরমের দিন ⓛ ঠান্ডা দিন ⓖ শীতের দিন ● মেঘলা দিন

**৯৭. সালমা তার খাবার ঘরে দেয়ালচিত্র করতে চায়। সালমা খাবার ঘরের জন্য কোন ছবি নির্বাচন করবে?** (প্রয়োগ)
● খাবারযুক্ত ছবি ⓛ গাছপালা বিশিষ্ট ছবি
ⓖ বন্যপ্রাণীর ছবি ⓘ শিক্ষা উপকরণের ছবি

**৯৮. কক্ষসজ্জার উপকরণ হিসেবে নিচের কোনটি অধিক যুক্তিযুক্ত?** (উচ্চতর দক্ষতা)
● দেওয়ালচিত্র ⓛ আলোকসজ্জা ⓖ ফার্নিচার ⓘ আসবাবপত্র

**৯৯. আমাদের কর্মস্পৃহা বাড়ানোর জন্য নিচের কোনটি অধিক উপযোগী?** (উচ্চতর দক্ষতা)
ⓚ কৃত্রিম আলো ● প্রাকৃতিক আলো ⓖ উপযুক্ত আলো ⓘ বিদ্যুতের আলো

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০০. শোবার ঘরের আলো হতে হয়–** (অনুধাবন)
i. মৃদু ii. স্নিগ্ধ iii. প্রখর
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১০১. ঘরে প্রাকৃতিক আলো প্রবেশ নির্ভর করে–** (অনুধাবন)
i. জানালার আকারের ওপর ii. জানালার সংখ্যার ওপর
iii. জানালার অবস্থানের ওপর
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১০২. রৌদ্রোজ্জ্বল দিনের ক্ষেত্রে যে বাক্যগুলো অধিক উপযোগী–** (অনুধাবন)
i. কাজ করার ইচ্ছা জাগে ii. আমরা বাইরে বের হই
iii. মনে কিছুটা বিষণ্ণতা আসে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১০৩. তন্নিদের ঘরটি অনেক পুরাতন ও অসুন্দর। তন্নিদের ঘরের সৌন্দর্য বাড়ানোর জন্য প্রয়োজন –** (প্রয়োগ)
i. পুরো ঘরটি পরিষ্কার করা ii. বিভিন্ন রং ব্যবহার করা
iii. নকশার শেড ব্যবহার করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৪ ও ১০৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস ফরিদা ব্যক্তিত্বসম্পন্ন ও রুচিশীল মহিলা। তিনি তার বসার ঘরে মৃদু আলো শোবার ঘরে স্নিগ্ধ আলো ব্যবহার করেন। তাছাড়া বাল্বের উপর শেড করা বাল্ব ব্যবহার করেন।

**১০৪. ফরিদার বসার ঘরের আলো কোনটিকে সমর্থন করেছে?** (প্রয়োগ)
ⓚ ঘরটি সুন্দর হবে ● ঘরটি আকর্ষণীয় হবে
ⓖ ঘরটি অসুন্দর হবে ⓘ সৌন্দর্য হ্রাস পাবে

**১০৫. ফরিদার ব্যবহার করা বাল্বের ক্ষেত্রে অধিক যুক্তিযুক্ত হলো–** (উচ্চতর দক্ষতা)
i. ঘরের সৌন্দর্য কমায় ii. ঘরের সৌন্দর্য বাড়ায়
iii. সুরুচির পরিচয় বহন করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

# পুষ্পবিন্যাস ■ পৃষ্ঠা - ২৮

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০৬. কোনটি কক্ষসজ্জায় একঘেয়েমি দূর করে?** (জ্ঞান)
ⓚ দেওয়াল সজ্জা ● পুষ্পবিন্যাস ⓖ দেওয়াল চিত্র ⓘ কার্পেট

**১০৭. কী দিয়ে সাজালে ঘরে কিছুটা প্রাকৃতিক পরিবেশের স্বাদ পাওয়া যায়?** (জ্ঞান)
ⓚ দেয়াল চিত্র ⓛ কার্পেট পর্দা ব্যবহার করে ● ফুল-পাতা দিয়ে

**১০৮. সাধারণত কয়টি পদ্ধতিতে ফুল সাজাতে হয়?** (জ্ঞান)
● দুই ⓛ তিন ⓖ চার ⓘ পাঁচ

**১০৯. কারা ফুল সাজাতে খুব দক্ষ?** (জ্ঞান)
ⓚ আফগানরা ⓛ পাকিস্তানিরা ● জাপানিরা ⓘ চীনারা

**১১০. জাপানিদের ফুল সাজানোর পদ্ধতিকে কী বলে?** (জ্ঞান)
ⓚ ইবেকারা ⓛ ইকেকারা ● ইকেবানা ⓘ ইনেকারা

**১১১. ইকেবানা পদ্ধতিতে ফুলদানিতে প্রধান কয়টি ডাল থাকে?** (জ্ঞান)
ⓚ ২ ● ৩ ⓖ ৪ ⓘ ৫

**১১২. ফুল সাজানোর সময় কিসের কথা ভাবতে হবে?** (জ্ঞান)
● উদ্দেশ্যের ⓛ ফুলের ⓖ সৌন্দর্যের ⓘ অর্থের

**১১৩. প্রাচ্যরীতিতে ফুল সাজানো বলতে কোন পদ্ধতিকে বোঝায়?** (জ্ঞান)
ইরানি পদ্ধতি ● জাপানি পদ্ধতি কোরিয়ার পদ্ধতি জার্মানি পদ্ধতি

**১১৪. 'ইকে' অর্থ কী?** (জ্ঞান)
ⓚ একবার ⓛ একটি ⓖ তারা ● তাজা

**১১৫. ইকেবানা পদ্ধতিতে ২য় উচ্চতার ডালটি কিসের প্রতীক?** (জ্ঞান)
● মানুষ ⓛ পাখি ⓖ হরিণ ⓘ মাছ

**১১৬. রাহেলা ফুলদানিতে অল্পসংখ্যক ফুল সাজিয়েছে, যেখানে তিনটি ডাল রয়েছে। রাহেলার ফুল সাজানোর সাথে কিসের সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
● প্রাচ্যরীতির ⓛ পাশ্চাত্যরীতির ⓖ ইরানি রীতির ⓘ কোরিয়ার রীতির

**১১৭. শশী বাজার থেকে বিভিন্ন ধরনের অনেকগুলো ফুল কেনে। তার মধ্যে কোন পরিচয় পাওয়া যায়?** (উচ্চতর দক্ষতা)
● সুরুচির ⓛ বুদ্ধিমত্তার ⓖ প্রজ্ঞার ⓘ পরিশ্রমীর

**১১৮. বকুল তার ঘর কাপড়ের ফুল দিয়ে সাজায়। এতে করে সে কী সুবিধা পায়?** (প্রয়োগ)
ⓚ সময় ও শক্তির অপচয় হয় ⓛ কাপড়ের ফুলের আবেদন বেশি
● একবার সাজালে অনেকদিন রাখা যায় ⓘ এর গন্ধ আমাদের আকৃষ্ট করে

**১১৯. পাশ্চাত্যরীতিতে ফুল সাজানো হয় কীভাবে?** (অনুধাবন)
ⓚ গুচ্ছ আকারে ● স্তূপ আকারে কৌণিক আকারে ⓘ বক্র আকারে

**১২০. কোনো অনুষ্ঠানের আয়োজন অনুষ্ঠানের মান বৃদ্ধি করা যায় কীভাবে?** (অনুধাবন)
ⓚ কৃত্রিম আলো ব্যবহার করে ⓛ প্রাকৃতিক আলো ব্যবহার করে
● ফুল দিয়ে সাজিয়ে ⓘ রঙিন আলো দিয়ে সাজিয়ে

**১২১. ঘরে প্রাকৃতিক পরিবেশের স্বাদ আনা যায় কীভাবে?** (অনুধাবন)
ⓚ কৃত্রিম আলো ব্যবহার করে ⓛ প্রাকৃতিক আলো ব্যবহার করে
● ফুল দিয়ে সাজিয়ে ⓘ রঙিন আলো দিয়ে সাজিয়ে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২২. ইকেবানা পদ্ধতি যে তিনটি প্রধান ডাল থাকে তা হলো –** (অনুধাবন)
i. উঁচু ডালটি স্বর্গ ii. ২য় ডালটি চাঁদ iii. ছোট ডালটি পৃথিবী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১২৩. নাজমাদের বাড়িতে একটি অনুষ্ঠান। গৃহে ফুল সাজানোর ক্ষেত্রে নাজমার যে বিষয়ে লক্ষ্য রাখা প্রয়োজন–** (উচ্চতর দক্ষতা)
i. ঘরের কার্পেট ও পর্দার সাথে ফুলের রং যেন সামঞ্জস্যপূর্ণ হয়
ii. তাজা ফুলের সাথে কৃত্রিম ফুল মেশানো
iii. কোকড়ান পাতা ও ফুল ফেলে দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১২৪. তাজা ফুলের পরিবর্তে কাপড়, কাগজ ও প্লাস্টিকের ফুল দিয়ে সাজালে যে সুবিধা পাওয়া যেতে পারে–** (অনুধাবন)

i. সময় বাঁচে ii. শক্তি বাঁচে iii. অনেকদিন রাখা যায়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২৫ ও ১২৬ নং প্রশ্নের উত্তর দাও :**

ডালিয়া ও কণা নিজেদের গৃহে ফুলসজ্জার কথা বলছিল। ডালিয়া তার গৃহে ইকেবানা পদ্ধতিতে ফুল সাজায়। কণা তার গৃহে পাশ্চাত্যরীতিতে ফুল সাজায়।

**১২৫. ডালিয়া ফুল সাজানোর ক্ষেত্রে কাদের রীতি অনুসরণ করে?** (প্রয়োগ)

ক ভারতীয়দের খ নেপালিদের গ মঙ্গোলীয়দের ● জাপানিদের

**১২৬. ডালিয়া ও কণা গৃহসজ্জায় যে রীতি অনুসরণ করে সে সম্পর্কে নিচের যে বক্তব্য গ্রহণযোগ্য–** (উচ্চতর দক্ষতা)

i. ডালিয়ার কম ফুল দরকার হয় ii. কণার বেশি ফুল দরকার হয়

iii. কণার ফুল সাজানো বেশি জাঁকজমকপূর্ণ

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

# অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মিসেস সালেহা বেগম ও হালিমা খাতুন একই আয়তনের ফ্ল্যাটে থাকেন। সালেহা বেগম তাঁর বসার ঘরে আকাশি রংয়ের পর্দা ব্যবহার করেছেন। অন্যদিকে হালিমা খাতুন তাঁর বসার ঘরে লাল রংয়ের ফুলের ছাপার পর্দা ব্যবহার করেছেন এবং দরজার পাশে বড় আকারের একটি মাটির টব রেখেছেন। পাশের ফ্ল্যাটের মারিয়া একদিন সালেহার বাসায় বেড়ানো শেষে হালিমার বাসায় এসে বললেন, তোমার বসার ঘরটি একটু বড় হলে ভালো হতো।

ক. আলোর উৎস কী?

খ. অভ্যন্তরীণ গৃহসজ্জা বলতে কী বোঝায়?

গ. সালেহা বেগম গৃহসজ্জায় কোনটিকে প্রাধান্য দিয়েছেন ব্যাখ্যা করো।

ঘ. গৃহসজ্জায় হালিমার পারদর্শিতা বিশ্লেষণ করো।

### ১নং প্রশ্নের উত্তর

ক. আলোর উৎস সূর্য।

খ. গৃহ আকর্ষণীয় করার জন্য গৃহ পরিবেশের পরিচ্ছন্নতার পাশাপাশি উপযুক্তভাবে গৃহের ভিতরের পরিবেশ সুন্দর ও আকর্ষণীয়ভাবে সাজানোকে অভ্যন্তরীণ গৃহসজ্জা বলে। গৃহ মনোরম ও আকর্ষণীয় করার কাজটি শিল্পের একটি ক্ষেত্র।

গ. উদ্দীপকের সালেহা বেগম গৃহসজ্জায় উপযুক্ত রঙের পর্দার ব্যবহারকে প্রাধান্য দিয়েছেন।

গৃহ মনোরম ও আকর্ষণীয় করার ক্ষেত্রে দরজা ও জানালায় পর্দার ব্যবহার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাছাড়া পর্দা আমাদের গোপনীয়তা রক্ষা করে। বিশেষ করে পর্দার ব্যবহারে রাতের আলোতে ঘরের ভেতরের কর্মকান্ড, চলাফেরা বাইরে থেকে দেখা যায় না। কড়া রোদ, বাইরের ধুলাবালি থেকে ঘর রক্ষার প্রয়োজনেও পর্দা ব্যবহার করা হয়। উপযুক্ত রং, আকার, নকশার পর্দা নির্বাচন করতে পারলে ঘরের পরিবেশ অনেক আকর্ষণীয় ও আরামদায়ক করা সম্ভব। ঘরের আকার ছোট হলে হালকা রঙের পর্দা ব্যবহারে ঘর বড় দেখায়। তাছাড়া হালকা রঙের পর্দা বিশ্রামের ঘরগুলোতে ঠান্ডা পরিবেশ সৃষ্টি করে। এ উপলব্ধি থেকেই উদ্দীপকের সালেহা বেগম গৃহসজ্জায় হালকা রঙের (আকাশি রঙের) পর্দা ব্যবহারের প্রাধান্য দিয়েছেন।

ঘ. হালিমা গৃহসজ্জার ব্যাপারে যথেষ্ট সচেতন হলেও ততটা পারদর্শী নন। তিনি তার বসার ঘরে লাল রঙের ফুলের ছাপার পর্দা ব্যবহার করেছেন। এছাড়া দরজার পাশে বড় আকারের একটি মাটির টব রেখেছেন। যা তার রুচির পরিচয় দেয়। কিন্তু লাল একটি উষ্ণ রং। উষ্ণ রংয়ের পর্দা ব্যবহারের কারণে ঘরের আকৃতি ছোট মনে হয় আর ছাপার পর্দাও আপাতদৃষ্টিতে ঘরের আকৃতিকে ছোট করে তোলে। এছাড়াও তিনি দরজার পাশে বড় টব রাখায় দরজা খোলার সময় কোনো মানুষ ঘরে ঢোকার সমস্যার সৃষ্টি হতে পারে। তিনি টবটি দরজার কাছে না রেখে ঘরের অন্য কোথাও স্থাপন করলে এসব সমস্যা সৃষ্টি হত না। অর্থাৎ তার গৃহসজ্জায় শিল্প উপাদানগুলোর সঠিক ব্যবহার হয়নি। সঠিকভাবে সমন্বয় ও উপাদানের প্রয়োগের ফলে তিনি তার বসার ঘরটি আরও আকর্ষণীয় করে তুলতে পারতেন। এ থেকে বোঝা যায়, গৃহসজ্জায় হালিমা পুরোপুরি পারদর্শী নন।

# অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সাইফির শিল্পজ্ঞান খুব ভালো। সে তার গৃহ সুন্দর, আরামদায়ক, আকর্ষণীয় করে সাজাতে খুবই পছন্দ করে। সে এটিকে একটি শিল্প মনে করে। ঘর আকর্ষণীয় করে তোলার জন্য সে বিভিন্ন ধরনের রঙের ব্যবহার করে। প্রাথমিক রং ও মাধ্যমিক রং ছাড়াও সে সংমিশ্রিত রং ব্যবহারের প্রতি যত্নশীল। সে মনে করে, একেক ধরনের রং আমাদের মনে একেক ধরনের অনুভূতি জাগায়।

ক. আকার কাকে বলে? ১

খ. পর্দা নির্বাচনে রঙের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. সাইফির ব্যবহারকৃত রংগুলোর সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৩

ঘ. মানুষের মনে রঙের প্রভাব সম্পর্কে সাইফির ধারণা বিশেরষণ কর। ৪

### ২নং প্রশ্নের উত্তর

ক. কোনো কিছুর সামগ্রিক গঠনকে আকার বলে।

খ. পর্দা নির্বাচনে রং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ঘরের আকার ছোট হলে হালকা রঙের পর্দা ব্যবহার করলে ঘর বড় দেখায়। হালকা রঙের পর্দা বিশ্রামের ঘরগুলোতে ঠান্ডা পরিবেশ সৃষ্টি করে। বড় ছাপা বা চেক আড়াআড়ি রেখার পর্দা বড় আকারের ঘরে ব্যবহার করা যায়। ছোট আকারের ঘরে ছোট ছাপা, লম্বা রেখার পর্দা ব্যবহার করা ভালো।

গ. উদ্দীপকে সাইফি গৃহসজ্জার জন্য প্রাথমিক, মাধ্যমিক ও সংমিশ্রিত রং ব্যবহার করে। নিচে এ রংগুলোর সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া হলো :

রংকে প্রধানত তিনটি ভাগে ভাগ করা হয়েছে। এগুলোর মধ্যে প্রাথমিক রং অন্যতম। যে রং অন্য কোনো রং থেকে তৈরি করা যায় না, সেগুলোই প্রাথমিক রং। লাল, নীল এবং হলুদ প্রাথমিক রঙের উদাহরণ। একই পরিমাণ দুটি প্রাথমিক রং মেশান হলে যে রঙের সৃষ্টি হয় তাকে মাধ্যমিক রং বলে। মাধ্যমিক রংগুলো হলো : ১. লাল + হলুদ = কমলা, ২. হলুদ + নীল = সবুজ, ৩. নীল + লাল = বেগুনি। সংমিশ্রিত রং সমান পরিমাণ একটি প্রাথমিক রং এবং একটি মাধ্যমিক রঙের মিশ্রণে সংমিশ্রিত রং তৈরি করা যায়।

উদাহরণ, লাল + কমলা = লালচে কমলা, কমলা + হলুদ = হলদে কমলা, হলুদ + সবুজ = হলদে সবুজ প্রভৃতি। গৃহসজ্জার ক্ষেত্রে এ রংগুলোর ব্যবহার বৈচিত্র্য আনয়ন করে।

ঘ. উদ্দীপকের সাইফি মনে করে, একেক ধরনের রং মানুষের মনে একেক ধরনের প্রভাব ফেলে। তার এই ধারণাটি সঠিক। কেননা রঙের বিভিন্ন প্রভাব রয়েছে। একেক ধরনের রং আমাদের মনে একেক ধরনের প্রভাব ও অনুভূতি জাগায়। বর্ণচক্রের উজ্জ্বল রংগুলোকে গরম বা উষ্ণ রং বলা হয়। এ রঙের ব্যবহারে পরিবেশে গরম ভাব আনে, যা মনে ভিন্ন ধরনের অনুভূতি সৃষ্টি করে। উষ্ণ রং দৃষ্টির সামনের বস্তুকে কাছে নিয়ে আসে। এছাড়া উষ্ণ বা উজ্জ্বল রঙের ব্যবহারে ঘরের আকৃতি ছোট মনে হয়। বর্ণচক্রের হালকা রংগুলোকে শীতল বা ঠান্ডা রং বলা হয়। শীতল রঙের ব্যবহার ঠান্ডা, শান্ত, স্নিগ্ধ পরিবেশের অনুভূতি দেয়। শীতল রং দৃষ্টির সামনের বস্তুকে দূরে নিয়ে যায়। এছাড়া শীতল বা হালকা রঙের ব্যবহারে ঘরকে বড় দেখায়। এসব থেকে প্রতীয়মান হয় যে, রং মানুষের মনে নানা ধরনের অনুভূতি জাগাতে সহায়ক।

**প্রশ্ন -৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শিউলির গৃহের কৰগুলো বেশ বড় বড়। ফলে আসবাবপত্রগুলো বিন্যাসের পরও তা ফুটে ওঠে না। তার ঘরের টেবিলের তুলনায় চেয়ারগুলো খুব ছোট। কোনো আসবাবপত্র বেশ লম্বা, কোনোটি চওড়া, অসামঞ্জস্যপূর্ণ। তার প্রতিবেশী তাকে আসবাপত্র সংস্থাপনে শিল্পনীতির প্রতি যত্নশীল হতে বললেন। [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ]

?

ক. বর্ণচক্রে কতটি রং থাকে? ১
খ. কার্পেটের প্রয়োজনীয়তা বর্ণনা কর। ২
গ. শিউলি তার কৰে আসবাবপত্রগুলো ফুটে ওঠার জন্য কী ধরনের রং ব্যবহার করবে এবং কেন? ৩
ঘ. শিউলি তার আসবাবপত্রগুলো আকর্ষণীয় করার জন্য কী পদৰেপ নিতে পারে? আলোচনা কর। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

ক. বর্ণচক্রে ১২টি রং থাকে।

খ. গৃহসজ্জার উপকরণের মধ্যে কার্পেট অন্যতম। কার্পেট ব্যবহার করলে হাঁটতে আরাম হয়। শিশুর জন্য এটা কিছুটা নিরাপদ। আবার মেঝেতে কোনো ত্রবটি থাকলে তা ঢেকে রাখা যায়। কার্পেট শীতের দিনে ঘর গরম রাখে।

গ. শিউলি তার কৰে আসবাবপত্রগুলো ফুটে ওঠার জন্য উষ্ণ রং ব্যবহার করবে।
বারোটি রং চক্রাকারে সাজিয়ে বর্ণচক্র তৈরি করা হয়। বর্ণচক্র থেকে খুব সহজেই গৃহের আসবাবপত্রের রং, গৃহসজ্জায় উপকরণের রং নির্বাচন করা যায়। বর্ণচক্রের উজ্জ্বল রংগুলোকে উষ্ণ রং বলা হয়। উষ্ণ রংগুলো হলো লাল, হলুদ, কমলা। উষ্ণ রং এর ব্যবহারে গৃহের পরিবেশে গরম ভাব আসে ও ঘরের আকৃতি আপাতদৃষ্টিতে ছোট করে দৃষ্টির সামনের বস্তুকে কাছে নিয়ে আসে। নীলার গৃহের কৰগুলো বড়। আসবাব বিন্যাসের পর তা ফুটে উঠে না। যেহেতু উষ্ণ রং ঘরের আকৃতি আপাতদৃষ্টিতে ছোট করে তাই নিলার গৃহে উষ্ণ রং ব্যবহার করা উচিত।

ঘ. শিউলি তার আসবাবপত্রগুলো আকর্ষণীয় করার জন্য শিল্পনীতির পদৰেপ নিতে পারে।
গৃহকে আকর্ষণীয় ও মনোরম করে তুলতে হলে আসবাবপত্রগুলো সঠিকভাবে বিন্যাস করা জরবরি। এজন্য শিল্পনীতিগুলোর প্রতি যত্নশীল হওয়া জরবরি। আসবাবপত্রের আকার ঠিক না থাকলে তা অসামঞ্জস্যতার সৃষ্টি করে। শিউলির গৃহের কৰগুলো বড় হওয়ায় তিনি টেবিলের আকৃতি বড় করেছেন। লম্বা, চওড়া করে আসবাবপত্র তৈরি করেছেন। কিন্তু চেয়ারগুলো টেবিলের তুলনায় ছোট। এজন্য তার প্রতিবেশী তাকে আসবাপত্র সংস্থাপনে শিল্পনীতির প্রতি যত্নশীল হতে বলেছেন। কারণ শিউলি যদি টেবিলের আকারের সাথে মিল রেখে চেয়ার তৈরি করেন আবার কৰের দৈর্ঘ্য, প্রস্থ মাথায় রেখে আসবাবপত্রের উচ্চতা নির্ধারণ করেন তবে সহজেই আকারের অসামঞ্জস্যতার সমস্যা কাটিয়ে উঠতে পারবেন। আবার এক আসবাবপত্রের সাথে অন্য আসবাবপত্রের মিল রাখা, আসবাবপত্র সংস্থাপনে ছন্দ তৈরি, প্রাধান্য সৃষ্টির মাধ্যমেও তিনি তার আসবাবপত্রগুলো আকর্ষণীয় করে তুলতে পারেন।

**প্রশ্ন -৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

ফারিয়া অনেক বড় আকর্ষণীয় ফুলদানি কিনে তা ড্রইংরুমে বড় সোফার বিপরীত দিকে স্থাপন করলেন। তিনি প্রতিটি কৰ অনুযায়ী আসবাব নির্বাচন করেন। আলো-বাতাস চলাচলে যেন অসুবিধা না হয় তাই দেয়াল বুঝে আসবাবের আকৃতি অনুযায়ী স্থাপন করেন। প্রয়োজনে বহুমুখী আসবাব ব্যবহার করেন। তিনি আকার, রং, প্রয়োজনীয়তা ইত্যাদির ওপর ভিত্তি করে বসার ঘর সাজান। কোন আসবাবের পর কোন আসবাব বসবে, পর্দার রং কীরূ প হবে ইত্যাদি সকল বিষয়ে সতর্কতা অবলম্বন করেন।

?

ক. জাপানি পদ্ধতিতে সবচেয়ে উঁচু ডালটি কীসের প্রতীক? ১
খ. ফুলসজ্জায় কাপড়, কাগজ ও পরাস্টিকের ফুল ব্যবহারের সুবিধা ব্যাখ্যা কর। ২
গ. ফারিয়া ড্রইংরবমের আসবাবপত্রের মধ্যে কীভাবে মিল করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. আসবাব সংস্থাপনে ফারিয়ার বিচৰণতার সপৰে তোমার মতামত বিশেরষণ কর। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

ক. জাপানি পদ্ধতিতে সবচেয়ে উঁচু ডালটি স্বর্গের প্রতীক।

খ. পুষ্পসজ্জায় আজকাল তাজা ফুলের পরিবর্তে কাপড়, কাগজ ও পরাস্টিকের ফুল ব্যবহার করা হয়ে থাকে। কাপড়, কাগজ ও পরাস্টিকের ফুল দিয়ে একবার সাজালে অনেকদিন রাখা যায়। এতে সময় ও শক্তি বাঁচে।

গ. ফারিয়া শিল্পনীতি প্রয়োগ করে তার ড্রয়িংরবমের আসবাবপত্রের মধ্যে মিল করেন। শিল্পনীতি বলতে শিল্প সৃষ্টির জন্য যে নীতিগুলো অনুসরণ করা দরকার তাদের বোঝায়। যখন কোনো কৰে প্রবেশ করলে দেয়াল থেকে শুরব করে মেঝে, আসবাব, পর্দা, আলো, সবকিছুর মধ্যে একটা সম্পর্ক ফুটে ওঠে তখন সাজানোতে মিল আছে বোঝা যায়। ফারিয়া প্রতিটি কৰ অনুযায়ী আসবাব নির্বাচন করেন। ড্রইংরবমে প্রয়োজনীয় জিনিসগুলোর সমন্বয় রেখে এমনভাবে সাজান যাতে চলাফেরায় ও আলো বাতাস চলাচলে সমস্যা না হয়। তিনি রঙের দিকে বেশ যত্নশীল। কৰের দেয়ালের দিকে লৰ রেখে মিল করেন পর্দা। আসবাব স্থাপনের সময় আকৃতির দিকে খেয়াল রাখেন। কোন আসবাবের পর কোন আসবাব দেওয়া ঠিক হবে সে ব্যাপারেও গুরবত্ব দেন। এভাবেই ফারিয়া ড্রইংরবমের আসবাবের মধ্যে মিল করেন।

ঘ. আসবাব সংস্থাপনে ফারিয়া বিচৰণতার পরিচয় দিয়েছেন বলে আমি মনে করি। কারণ প্রয়োজনের চেয়ে বেশি আসবাব কৰের সৌন্দর্য নষ্ট করে। আসবাবপত্র নির্বাচনের পর তা বিন্যাসের প্রয়োজন রয়েছে। এটি যে শুধু সাজাবার উদ্দেশ্যেই ক্রয় করা তা নয়, এটি গৃহের সদস্যদের প্রয়োজনও মেটায়। আসবাবের সঠিক সংস্থাপনের মাধ্যমে গৃহকে যেমন আকর্ষণীয় করে তোলা যায় তেমনি গৃহের কর্মগুলোও স্বাচ্ছন্দ্যে করা যায়। সময় ও শক্তির অপচয় রোধ করা

যায়। ফারিয়া প্রয়োজন বিবেচনা করে আসবাব নির্বাচন করেন। অতিরিক্ত আসবাব ঘরে রাখেন না। তাছাড়া বিন্যাস এমনভাবে করেন যাতে গৃহে আলো–বাতাস পর্যাপ্ত পরিমাণে চলাচল করতে পারে। তবে তিনি সবচেয়ে বিচৰণতার পরিচয় দিয়েছেন বহুমুখী ব্যবহারের উপযোগী আসবাব ব্যবহার করে। এতে তার গৃহের জায়গা যেমন খালি থাকবে, অন্য কাজে তা ব্যবহারও করতে পারবে। আবার প্রয়োজনও মেটাতে পারবে। তার সময় ও শক্তির অপচয় রোধ হবে। তাই বলা যায়, আসবাব সংস্থাপনে ফারিয়া অত্যন্ত বিচৰণ।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সায়মা তার গৃহের পরিচ্ছন্নতা ও সৌন্দর্য রৰায় সবসময় পর্দা পরিষ্কার রাখেন। শীতকালে ভারী জমিনের পর্দা ব্যবহার করেন, যাতে ঘর গরম থাকে। কিন্তু তিনি অন্ধকার ঘরে একটি স্থানে ছোট দেয়ালে অনেক সুন্দর ও বড় দেয়ালচিত্র টাঙালেন। এছাড়া তিনি বসার ঘরে খাবারের চিত্র টাঙালেন। [বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]

- ক. ইকেবানা অর্থ কী? ১
- খ. গৃহে পুষ্পসজ্জার উপকারিতা ব্যাখ্যা কর। ২
- গ. সায়মা কীভাবে পর্দার মাধ্যমে তার গৃহ নিরাপদ ও আকর্ষণীয় রাখেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. দেয়ালচিত্র টাঙানোর ৰেত্রে সায়মার কী ভুল ছিল বলে তুমি মনে কর? উত্তরের সপৰে আলোচনা কর। ৪

### ▸◂ ৫নং প্রশ্নের উত্তর ▸◂

ক. ইকেবানা অর্থ তাজা ফুল।

খ. ফুল গৃহসজ্জার অন্যতম উপাদান। পুষ্পসজ্জা কৰের একঘেয়েমি দূর করে। কম খরচে গৃহ আকর্ষণীয় করে, ঘরে প্রাকৃতিক স্বাদ পাওয়া যায় ও মন ভালো থাকে।

গ. সায়মা সময় উপযোগী এবং পরিষ্কার–পরিচ্ছন্ন পর্দা ব্যবহার করে তার গৃহকে নিরাপদ ও আকর্ষণীয় রাখেন। পর্দার ব্যবহার একদিকে যেমন আমাদের আব্রব রৰা করে অন্যদিকে তেমনি এর উপযুক্ত রং, আকার, নকশা ঘরের পরিবেশকে অনেক আকর্ষণীয় ও আরামদায়ক করে তোলে। সায়মা সবসময় তার ঘরের দরজা ও জানালায় পরিষ্কার পর্দা ব্যবহার করেন। এ কারণে বাইরের কড়া রোদ, ধুলাবালি ঘরে প্রবেশ করতে পারে না। আবার বাইরে থেকে গৃহের অভ্যন্তরের কর্মকাণ্ড, চলাফেরা দেখা যায় না। তিনি শীতকালে ভারী জমিনের পর্দা ব্যবহার করেন যেন ঘর গরম থাকে। আবার তিনি কৰগুলো বড় দেখানোর জন্য হালকা রঙের পর্দা ব্যবহার করেন এবং আসবাবের সাথে মিল রেখে পর্দা ব্যবহার করেন। এভাবে বিভিন্ন ঋতুতে সময় উপযোগী হালকা ও ভারী জমিনের পরিষ্কার–পরিচ্ছন্ন পর্দা ব্যবহার করে তিনি তার গৃহকে নিরাপদ ও আকর্ষণীয় রাখেন।

ঘ. দেয়ালচিত্র টাঙানোর ৰেত্রে সায়মার ভুল ছিল বলে আমি মনে করি। কারণ দেয়ালচিত্র কৰসজ্জার অন্যতম উপাদান। কৰের সৌন্দর্য বৃদ্ধিতে দেয়াল চিত্র ঝোলানো হয়। তবে দেয়াল চিত্র কোথায় টাঙানো হবে তার জন্য স্থান নির্বাচন এবং উপযুক্ত ছবি নির্বাচন খুবই গুরবত্বপূর্ণ। এর মাধ্যমে দেশীয় ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ফুটিয়ে তোলা যায়। সায়মা বসার ঘরে দেয়ালচিত্রটি ভুল স্থানে টাঙিয়েছেন। কারণ ঘরের কর্মকান্ডের সাথে মিল রেখে দেয়ালচিত্রটি তিনি টাঙাননি। খাবার ছবি বসার ঘরে টাঙিয়েছেন। এছাড়া আরেকটি ছবির ৰেত্রে তার উচিত ছিল আলোকযুক্ত স্থানে টাঙানো এবং যেহেতু চিত্রটি বড় সেহেতু বড় দেয়ালে টাঙালে তা সবার দৃষ্টিগোচর হতো ও কৰটির সৌন্দর্য বৃদ্ধি পেত। ছবির আকৃতির সামঞ্জস্য থাকতে হবে। উলিৱখিত বিষয়গুলো লৰ রেখে দেয়ালচিত্র সাজালে সায়মার গৃহসজ্জা আকর্ষণীয় ও রবচিসম্মত হতো।

**প্রশ্ন –৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মীরা গৃহসজ্জায় বিভিন্ন ফুলের সমারোহ ঘটান। কারণ তিনি মনে করেন এতে কম খরচে গৃহের একঘেয়েমি ভাব দূর করে গৃহ প্রাণবন্ত করে তোলা যায়। মীরার বান্ধবী তাফসি দেখলেন মীরা কৰভেদে বিভিন্ন ধরনের রং ও আলোকসজ্জা ব্যবহার করেন। তাফসি বলেন, ‘পরিকল্পিত রং ও আলোকসজ্জার ব্যবহার মীরার গৃহ মনমুগ্ধকর করে তুলেছে।’

- ক. রেখা কাকে বলে? ১
- খ. পুষ্পবিন্যাসে কী কী সরঞ্জাম প্রয়োজন হয়? ২
- গ. মীরার গৃহসজ্জায় ফুল ব্যবহারের কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. তাফসি’র উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

### ▸◂ ৬নং প্রশ্নের উত্তর ▸◂

ক. কোনো গতিশীল বিন্দুকে রেখা বলা হয়।

খ. পুষ্পবিন্যাসের জন্য সবচেয়ে প্রয়োজনীয় সরঞ্জাম হলো ফুলদানি বা ফুল সাজানোর পাত্র। এছাড়া কাঁচি, পিন হোল্ডার, পানি, চিকন তার ইত্যাদি। সরঞ্জাম ব্যবহার করে ফুল সাজালে কৰের সৌন্দর্য বহুগুণে বৃদ্ধি পায়।

গ. মীরার গৃহসজ্জায় ফুল ব্যবহারের একাধিক কারণ রয়েছে। প্রথমত ফুল গৃহের একঘেয়েমি ভাব দূর করে। কোনো অনুষ্ঠানে বাড়ি ফুল দিয়ে সাজালে অনুষ্ঠানের মান বৃদ্ধি পায়। সদস্যদের সুরবচির পরিচয়ও পাওয়া যায়। দ্বিতীয়ত, মীরা ফুল পছন্দ ও ব্যবহার করেন। কারণ তিনি মনে করেন কোনো কিছু ফুল দিয়ে সাজালে তা প্রাণবন্ত ও আকর্ষণীয় হয়। বিশেষ করে ফুল ব্যবহার করে কম খরচে গৃহকে আকর্ষণীয় করা যায়। খরচ কম হয় ও কৰের একঘেয়েমি ভাব দূর হয়। ঘরে প্রাকৃতিক পরিবেশের স্বাদ আসে এবং মন ভালো থাকে। গৃহসজ্জায় ফুল সহজেই প্রাধান্য সৃষ্টি করে। এসব কারণেই মীরা তার গৃহসজ্জায় ফুল ব্যবহার করেন।

ঘ. আলো আমাদের শরীর ও মনের ওপর প্রভাব ফেলে। পাশাপাশি বিভিন্ন রং ঘরের সৌন্দর্য বাড়ায় ও সুরবচির পরিচয় বহন করে। দিশা কৰভেদে উষ্ণ, শীতল বিভিন্ন রং ব্যবহার করে। বাড়ির বড় বড় কৰগুলোতে ছোট ভাব আনার জন্যে উষ্ণ রং ও ছোট কৰগুলোতে শীতল রং ব্যবহার করেন। উষ্ণ রং দৃষ্টির সামনের বস্তুকে কাছে নিয়ে আসে। অন্যদিকে শীতল রং ঠান্ডা, স্নিগ্ধ ও শান্ত পরিবেশ সৃষ্টি করে। কৰের প্রয়োজনীয়তা, ব্যবহার, সুবিধা, অসুবিধা কথা চিন্তা করে আলোকসজ্জা করেন। মীরা পড়ার ঘরে ও রান্নাঘরে উজ্জ্বল আলো ব্যবহার করেন। শোবার ঘরে তিনি স্নিগ্ধ ও বসার ঘরে মৃদু আলো ব্যবহার করেন। কৃত্রিম আলোর বাল্বের ওপর শেড ব্যবহার করেন বিভিন্ন রং ও নকশার শেড ঘরের সৌন্দর্য বাড়ায়। ফলে তার গৃহসজ্জা দেখতে অত্যন্ত প্রাণবন্ত ও আকর্ষণীয় মনে হয়। তাই আমি মনে করি তাফসি’র উক্তিটি সত্যিই যথার্থ।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –৭ ▸** দেয়ালচিত্র কক্ষসজ্জার একটি বিশেষ উপকরণ। দেয়ালচিত্রের জন্য স্থান নির্বাচন ও ছবি নির্বাচনসহ আরও কিছু বিষয়ে লক্ষ রাখতে

হয়। এছাড়া ঘরের সৌন্দর্য বৃদ্ধির জন্য আলোকসজ্জার ব্যবস্থা করা যেতে পারে। তবে ঘরে পর্যাপ্ত পরিমাণে প্রাকৃতিক আলো আসার ব্যবস্থা রাখতে হবে। কারণ প্রাকৃতিক আলো কাজ ও স্বাস্থ্যের জন্য অধিক উপযোগী।

ক. খাবারের ঘরে কীসের ছবি উপযুক্ত? ১
খ. দেয়ালচিত্র ছাড়া আর কীভাবে দেয়াল সাজানো যায়? ২
গ. উদ্দীপকে দেয়ালচিত্র টানানোর ক্ষেত্রে যে বিষয়ে লক্ষ রাখার কথা বলা হয়েছে তা বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ বাক্যটি বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন –৮ ▸** ইশিতা করের ভিন্নতা ভেদে ভিন্ন ভিন্ন রং ব্যবহার করেন। শোবার ঘরে শান্ত, ঠান্ডা ও স্নিগ্ধতার জন্য তিনি নীল রং ব্যবহার করেন। বিভিন্ন ধরনের রেখা গৃহসজ্জায় ব্যবহার করেন। তিনি বলেন, আসবাবে সমানুপাত বজায় রাখলে তা গৃহকে আকর্ষণীয় করে তোলে।

ক. প্রাথমিক রং কয়টি? ১
খ. শিল্প উপাদান বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. ইশিতা শোবার ঘরে স্নিগ্ধতা কীভাবে তৈরি করেন বর্ণনা কর। ৩
ঘ. ইশিতার শেষ উক্তিটির যথার্থতা আলোচনা কর। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ শিল্প উপাদান কাকে বলে?**
**উত্তর :** যা কিছু দিয়ে শিল্প সৃষ্টি করা হয় তাই শিল্প উপাদান।

**প্রশ্ন ॥ ২ ॥ প্রাথমিক রং কী?**
**উত্তর :** যে রং অন্য কোনো রং থেকে তৈরি করা যায় না, সেগুলোই প্রাথমিক রং।

**প্রশ্ন ॥ ৩ ॥ জিগজ্যাগ রেখা অন্যান্য রেখার চেয়ে কী আনতে সক্ষম হয়?**
**উত্তর :** জিগজ্যাগ রেখা অন্যান্য রেখার চেয়ে বেশি গতি ও বৈচিত্র্য আনতে সক্ষম হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ কিসের কার্পেট শিশুর জন্য কিছুটা নিরাপদ?**
**উত্তর :** উলের কার্পেট শিশুর জন্য কিছুটা নিরাপদ।

**প্রশ্ন ॥ ৫ ॥ ছবি দেয়ালের কত উঁচুতে টাঙালে দেখতে সুবিধা হয়?**
**উত্তর :** ছবি দেয়ালের চোখ বরাবর টাঙালে দেখতে সুবিধা হয়।

**প্রশ্ন ॥ ৬ ॥ কীসের ওপর ভিত্তি করে আলোর ব্যবস্থা করা হয়?**
**উত্তর :** প্রয়োজনের ওপর ভিত্তি করে আলোর ব্যবস্থা করা হয়।

**প্রশ্ন ॥ ৭ ॥ প্রাচ্যরীতিতে ফুল সাজানো বলতে কী বোঝায়?**
**উত্তর :** প্রাচ্যরীতিতে ফুল সাজানো বলতে জাপানি পদ্ধতিতে অনুসরণ করাকে বোঝায়।

**প্রশ্ন ॥ ৮ ॥ ফুল সাজানোর সময় প্রথমেই কীসের কথা ভাবতে হয়?**
**উত্তর :** ফুল সাজানোর সময় প্রথমেই উদ্দেশ্যের কথা ভাবতে হয়।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ গৃহকে মনোরম ও আকর্ষণীয় করা যায় কীভাবে?**
**উত্তর :** গৃহকে মনোরম ও আকর্ষণীয় করার কাজটি একটি শিল্প। গৃহকে মনোরম ও আকর্ষণীয় করার জন্য প্রয়োজন মনোরম গৃহপরিবেশ এবং গৃহসজ্জা। গৃহসজ্জার উল্লেখযোগ্য উপাদান হচ্ছে রং, রেখা, আকার ও জমিন। গৃহকে সুন্দর করার জন্য সতর্কতার সাথে রং নির্বাচন করতে হবে। গৃহাভ্যন্তরে সুন্দর ও রুচিশীল নকশা, নকশাতে পছন্দনীয় রেখা এঁকে গৃহকে মনোরম ও আকর্ষণীয় করা যায়।

**প্রশ্ন ॥ ২ ॥ অভ্যন্তরীণ আসবাবপত্র যথাস্থানে সংস্থাপন প্রয়োজন কেন?**
**উত্তর :** গৃহে আমরা নানা ধরনের আসবাবপত্র ব্যবহার করি। খুব প্রয়োজনীয় আসবাব যা প্রায় সব বাড়িতেই থাকে সেগুলো হলো– খাট, আলমারি, টেবিল, চেয়ার, সোফা, আলনা, ড্রেসিং টেবিল ইত্যাদি। গৃহের আসবাব যথাস্থানে সংস্থাপনের ওপর গৃহ পরিবেশের আরাম ও সৌন্দর্য অনেকখানি নির্ভর করে। আসবাবপত্র যথাস্থানে সংস্থাপন করা হলে আমাদের কাজ সহজ হয়, সময় ও শক্তির অপচয় হয় না, শারীরিক ও মানসিক ক্লান্তি কম হয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ কাজের সাথে আসবাবপত্র সাজানোর সম্পর্ক ব্যাখ্যা কর।**
**উত্তর :** কক্ষের কাজ অনুযায়ী আসবাবপত্র সাজাতে হয়। বসার ঘরে অতিথিদের বসার জন্য সোফা, চেয়ার থাকা জরুরি। এভাবে শোবার ঘরে খাট, আলমারি, খাবার ঘরে ডাইনিং টেবিল, চেয়ার স্থাপন করতে হবে। অনেক সময় দেখা যায়, কাজের সুবিধা অসুবিধা না দেখে, দেখেতে ভালো লাগবে– এ চিন্তা করে আসবাবপত্র সাজানো হয়েছে। এটি ত্রুটিপূর্ণ বিন্যাস এবং এতে সময় ও শক্তি বেশি খরচ হয়, যেমন– পড়ার টেবিলের অনেক দূরে বইয়ের তাক।

**প্রশ্ন ॥ ৪ ॥ দেয়ালচিত্র নির্বাচনের সময় লক্ষণীয় বিষয় সম্পর্কে লেখ।**
**উত্তর :** কক্ষসজ্জার অন্যতম একটি উপকরণ হলো দেয়ালচিত্র। তাই দেয়ালচিত্র ও নির্বাচনের সময় কতকগুলো বিষয় সম্পর্কে খেয়াল রাখতে হয় যেমন : ছবির আকৃতির সাথে দেয়ালের আকৃতির সামঞ্জস্য রেখে ছবি নির্বাচন করতে হবে। একের অধিক ছবি দিয়েও বড় দেয়াল সাজানো যায়, সেক্ষেত্রে ছবির ফ্রেমের আকার একরকম হলে ভালো হয়। ঘরের কর্মকান্ডের সাথে মিল রেখে ছবির বিষয়বস্তু হবে যেমন খাবার ঘরে খাবারের ছবি উপযুক্ত। ছবি দেখার জন্য পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে।

**প্রশ্ন ॥ ৫ ॥ কীভাবে আলো আমাদের শরীর ও মনের ওপর প্রভাব ফেলে?**
**উত্তর :** আলো ছাড়া আমরা চলতে পারি না। রৌদ্রোজ্জ্বল দিনে কাজ করার ইচ্ছা জাগে, অপরদিকে মেঘলা দিনে মনে কিছুটা বিষন্নতা আসে। ফলে অলসভাবে সময় কাটাতে ইচ্ছে করে। গৃহে প্রাকৃতিক আলো আমাদের কর্মস্পৃহা বাড়ায়, উপযুক্ত আলোয় পড়াশোনায় মনোযোগ আসে তাছাড়া শীতকালে ঘরে আলো এলে ঘর গরম থাকে। এভাবে আলো আমাদের শরীর ও মনের ওপর গভীর প্রভাব ফেলে।